



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০২.২৫.০০৬.২৪.৬

তারিখ: ২৭ পৌষ ১৪৩০

১১ জানুয়ারি ২০২৪

বিষয়: ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training Programme এ অংশগ্রহণের জন্য কর্মকর্তার তালিকা প্রেরণ

সূত্র: ভারতীয় দূতাবাসের ২২-১১-২০২৩ তারিখের পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training Programme-এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ সচিবালয়ে কর্মরত বিসিএস প্রশাসন ক্যাডারের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের আগ্রহী কর্মকর্তা যারা ইতঃপূর্বে মিডক্যারিয়ার প্রশিক্ষণ/ভারত সরকারের অর্থায়নে ভারতে অনুষ্ঠিত অন্য যেকোন ধরনের প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/ভিজিটে অংশগ্রহণ করেননি এমন কর্মকর্তার তালিকা নিম্নবর্ণিত শর্ত ও ছক মোতাবেক আগামী ১৫.০১.২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ছক

Sl. No	Title Mr./Ms	ID No.	Given name (As per passport)	Surname As per passport	Designation, Place of Posting	Division	Date of birth	Mobile No.	E-mail	Passport No. Date of Issue to Date of Expire	Equivalent Rank in the Ministry
1	2	3	4	5	6	7	8	9	10	11	12

শর্ত/নির্দেশনা:

১. যে সমস্ত কর্মকর্তা বিগত ৫ (পাঁচ) বছরে বা চাকরিকালে একবারও বিদেশ ভ্রমণ করেননি তাঁদেরকে অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে;
২. মনোনয়নের ক্ষেত্রে কর্মদক্ষতা, নিষ্ঠা, সততা ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে;
৩. আবেদনকারীদের বয়স ৪৫ বছরের নীচে হতে হবে।
৪. মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ সম্পন্ন অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে;
৫. মনোনয়নপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে যদি কারো সরকারী পাসপোর্ট না থাকে অথবা সরকারী পাসপোর্টের মেয়াদ ৬ মাসের কম থাকে তবে মনোনয়ন প্রদানের সাথে-সাথে তাঁদের সরকারি পাসপোর্ট প্রাপ্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
৬. ইতঃপূর্বে যারা Mid Career Training সহ ভারত সরকারের অর্থায়নে ITEC এর অন্য কোন প্রশিক্ষণকোর্সে স্বশরীরে ও অনলাইনে অংশগ্রহণ করেছেন তাদের এই কোর্সে অংশগ্রহণের সুযোগ নেই;
৭. অনাগ্রহী কর্মকর্তা এবং মাঠ প্রশাসনের পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন

নেই;

৮. জরুরি পুনর্বাসন, প্রত্যাবাসন, নির্বাচন সংশ্লিষ্ট বা প্রাকৃতিক দুর্যোগ কবলিত স্থানে ত্রাণ কার্যক্রম বা অন্য কোন জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের বিষয়টি তাঁর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে বিবেচনা করা হবে;

৯. বিভাগীয় মামলা চলমান/বিভাগীয় মামলায় দন্ড চলমান অথবা শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ রয়েছে এমন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা যাবে না;

১০. বর্ণিত প্রশিক্ষণে কোন কর্মকর্তা স্পাউজ বা কোন সন্তানকে সঙ্গে নিতে পারবেন না;

১১. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে মনোনয়ন প্রাপ্তি সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জিও জারির পর আবেদনকারীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের পর তা প্রিন্ট করে নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। কোন কর্মকর্তা অনলাইনে আবেদন করতে ব্যর্থ হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না;

১২. প্রতি সেট আবেদন ফরমের হার্ড-কপির সাথে ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পার্সপোর্টের ফটোকপি এবং সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে;

১৩. অনলাইন আবেদনের সঙ্গে সংযুক্ত চিকিৎসা সনদ চিকিৎসক দ্বারা (ইংরেজি সীলসহ) পূরণ করতে হবে। অনলাইনে প্রেরিত আবেদনের প্রিন্ট কপি ও চিকিৎসা সনদের হার্ডকপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১৪. মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে অনলাইনে পূরণকৃত ফরমের ০২ সেট হার্ডকপি, যথাযথভাবে পূরণকৃত চিকিৎসা সনদের কপি ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র সরকারি আদেশে বর্ণিত তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নম্বর-১০৯) অবশ্যই পৌঁছাতে হবে।

সংযুক্তি : ভারতীয় দূতাবাসের পত্র।

১১-১-২০২৪

মোঃ শিমুল আকতার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০২.২৫.০০৬.২৪.১৫/১(৫)

তারিখ: ২৭ পৌষ ১৪৩০

১১ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার

৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

১১-১-২০২৪

মোঃ শিমুল আকতার

সিনিয়র সহকারী সচিব